



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট  
ময়মনসিংহ।

স্মার্ট শিক্ষা স্মার্ট দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

ওয়েব সাইট : mpi.polytech.gov.bd  
ইমেইল-principal.mpi@gmail.com

স্মারকনং-৫৭.০৩.৬১১৩.৩০১.৩৩.০৩৩.২৪-৭৭৬

তারিখঃ ২৪/০৪/২০২৪খ্রিঃ

## জব ফেয়ার সংক্রান্ত নোটিশ

এতদ্বারা অত্র প্রতিষ্ঠানের সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক-কর্মকর্তা, কর্মচারী, খন্ডকালীন শিক্ষক এবং বিগত বছরে পাসকৃত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩০ এপ্রিল, ২০২৪ খ্রি. কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ- ২০২৪ উদযাপন উপলক্ষ্যে অত্র ইনস্টিটিউট হোস্টেল খেলার মাঠে সকাল ৯.৩০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত জব ফেয়ার- ২০২৪ (চাকুরী মেলা) অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় দেশের ১ম শ্রেণীর ৩০টিরও বেশী বিভিন্ন শিল্প-কারখানা/প্রতিষ্ঠান অংশগ্রহণ করার জন্য স্টল বরাদ্দ নিয়েছে। এছাড়াও ময়মনসিংহ বিভাগের সকল জেলা ও কিশোরগঞ্জ জেলার সরকারি/বেসরকারি সকল কারিগরি প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধানগণ, কারিগরি দক্ষতা সম্পন্ন ব্যক্তি উপস্থিত থাকবেন।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জনাব উম্মে সালামা তানজিয়া (অতিরিক্ত সচিব) ও বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

২। কারিগরি শিক্ষার ব্যাপক বিপ্লব ঘটিয়ে শিক্ষিত বেকার, ঝরে পড়া এবং সমাজের সুবিধা বঞ্চিতদের প্রয়োজনীয় দক্ষতা/কারিগরি প্রশিক্ষণ দিয়ে আধুনিক কর্মক্ষেত্রে তৈরী করা বর্তমান বাংলাদেশ সরকারের অন্যতম লক্ষ্য।

অত্র প্রতিষ্ঠান হতে পাশকৃত ডিপ্লোমা গ্রাজুয়াট/অন্যান্য সরকারি-বেসরকারি কারিগরি প্রতিষ্ঠান হতে পাশকৃত ডিপ্লোমা গ্রাজুয়াটদের কর্মক্ষেত্রে সৃষ্টির লক্ষ্যে দেশের ১ম শ্রেণীর ৩০টিরও বেশী শিল্প-কারখানার মালিকগণের সাথে সরাসরি মতবিনিময় করে জীবিকা অর্জনের/জীবন গঠনের সুযোগ রয়েছে।

৩। এমতাবস্থায়, অত্র প্রতিষ্ঠান হতে পাশকৃত ডিপ্লোমা গ্রাজুয়াট/অন্যান্য সরকারি-বেসরকারি কারিগরি প্রতিষ্ঠান হতে পাশকৃত ডিপ্লোমা গ্রাজুয়াটদের একাধিক CV (বায়োডাটা), পাসপোর্ট সাইজের ছবিসহ স্ব-শরীরে উপস্থিত হয়ে চাকুরী প্রার্থীদের জব ফেয়ার- ২০২৪ (চাকুরী মেলায়) এ অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ

(মোঃ শওকত হোসেন)  
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)  
ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট  
ময়মনসিংহ।

স্মারকনং-৫৭.০৩.৬১১৩.৩০১.৩৩.০৩৩.২৪-৭৭৬ (২০)

তারিখঃ ২৪/০৪/২০২৪খ্রিঃ

অবগতি ও কার্যার্থে প্রেরণ অনুলিপি করা হলোঃ-

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।
২. পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. উপাধ্যক্ষ, অত্র ইনস্টিটিউট।
৪. চিফ ইনস্ট্রাক্টর/বিভাগীয় প্রধান- সিভিল/ইলেকঃ/মেকাঃ/পাওয়ার/ইলেকট্রনিক্স/কম্পিঃ/ই.মেডি/নন-টেক, অত্র ইনস্টিটিউট। [বহুল প্রচারের জন্য পত্রটি বিভিন্ন গ্রুপসহ ফেসবুক- এ প্রকাশের অনুরোধ সহ]।
৫. শাখা প্রধানঃ সকল, অত্র ইনস্টিটিউট।
৬. নোটিশ বোর্ড, সকল, অত্র ইনস্টিটিউট।
৭. নথি।

(মোঃ শওকত হোসেন)

অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট

ময়মনসিংহ।